রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**পানি সম্পদ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ৭ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/২১ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৩৩-আইন/২০২৪।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা যৌথ নদী কমিশন, বাংলাদেশ (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "জিপিএ" অর্থ Grade Point Average (GPA);

(গ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা;

(ছ) "শিক্ষানবিশ" অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(জ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং


মূল্য : টাকা ১৬.০০

(ঝ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ২৯(৩) অনুচ্ছেদের উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ প্রদান করা হইবে, যথা:-

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বর্হিভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটি লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে নিয়োগের সুপারিশ করিবে।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড বা, ক্ষেত্রমত, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হয়, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি-

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে, এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর জাতীয় বেতন স্কেল এর ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদ এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা যাইবে, তবে সংশ্লিষ্ট পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির পদোন্নতি স্থায়ী হইবে।

৬। **শিক্ষানবিশি।**—(১) কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির শিক্ষানবিশকাল হইবে-

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসর:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ বর্ধিত করিতে পারিবে, তবে এইরূপে বর্ধিত মেয়াদ ২ (দুই) বৎসরের অধিক হইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক না হয়, বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা না থাকে, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহা সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি বিবেচনা করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক নয়, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশক্রমে, সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হইবে, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ন হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ কর্মচারীকে তফসিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যেই তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান।**—(১) তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

(২) পরিচ্ছন্নতা কর্মী পদে নিয়োগের ক্ষেত্রে জাত হরিজন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের মধ্য হইতে পূরণ করা যাইবে।

**তফসিল-১**

**পদের নাম ও প্রয়োজনীয় যোগ্যতা**

[বিধি ২(গ), ২(ঙ), ২(চ), ৩(১), ৩(২), ৬(৪) ও ৭(১) দ্রষ্টব্য]

| ক্রমিক নম্বর | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সদস্য | - | প্রেষণে বদলি/ পদায়নের মাধ্যমে | সংশ্লিষ্ট বিষয়ে প্রকৌশল ডিগ্রি ও অভিজ্ঞতা সম্পন্ন সরকারের যুগ্মসচিব বা প্রধান প্রকৌশলী বা অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে কর্মরত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** নির্বাহী প্রকৌশলী পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি। **প্রেষণে বদলি/পদায়নের ক্ষেত্রে:** সমগ্রেডভুক্ত সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | নির্বাহী প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** উপ-বিভাগীয় প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলি/পদায়নের ক্ষেত্রে:** পানি সম্পদ প্রকৌশল কাজে অভিজ্ঞতাসম্পন্ন সমগ্রেডভুক্ত প্রকৌশলীদের মধ্য হইতে। |
| ৪। | উপ-বিভাগীয় প্রকৌশলী | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:** সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **প্রেষণে বদলি/পদায়নের ক্ষেত্রে:** পানি সম্পদ প্রকৌশল কাজে অভিজ্ঞতা সম্পন্ন সমগ্রেডভুক্ত প্রকৌশলীদের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৫। | সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | (ক) মোট পদের ৩৩ (তেত্রিশ) শতাংশ পদ পদোন্নতির মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, পদোন্নতি যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৬৭ (সাতষট্টি) শতাংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>উপ-সহকারী প্রকৌশলী পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পানি সম্পদ কৌশল বা পুরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৬। | সহকারী পরিচালক/ সহকারী কারিগরি কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>(ক) প্রটোকল অফিসার পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>**<u>প্রেষণে বদলি/পদায়নের ক্ষেত্রে:</u>**<br>সমগ্রেডভুক্ত সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৭। | প্রটোকল অফিসার | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলি/পদায়নের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>**<br>সাঁট লিপিকার কাম পিএ পদে অন্যূন ৮ (আট) বৎসরের বা উচ্চমান সহকারী পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br>**<u>প্রেষণে বদলি/পদায়নের ক্ষেত্রে:</u>**<br>সমগ্রেডভুক্ত সরকারি কর্মকর্তাগণের মধ্য হইতে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | উপ-সহকারী প্রকৌশলী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) জরীপকারী পদে অন্যূন ১২ (বারো) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে সিভিল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; এবং<br>(খ) কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি বা সমমানের জিপিএ বা সিজিপিএ থাকিলে তিনি যোগ্য বিবেচিত হইবেন না। |
| ৯। | সহকারী গ্রন্থাগারিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>গ্রন্থাগার সহকারী পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(গ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১০। | সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি।<br><br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ এবং তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>হিসাব সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি।<br><br><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ এবং তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | সাঁট লিপিকার কাম পিএ | ৩০ বৎসর | (ক) মোট পদের ৫০ (পঞ্চাশ) শতাংশ পদ পদোন্নতির মাধ্যমে: | <u>পদোন্নতির ক্ষেত্রে:</u><br>উচ্চমান সহকারী পদে অন্যূন ৬ (ছয়) বৎসরের চাকরি বা অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) মোট পদের ৫০ (পঞ্চাশ) শতাংশ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সনদ; এবং<br>(গ) তফসিল-২ এবং তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | নকশাকারক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সম্পন্ন; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | হিসাব সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বা ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ এবং তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | জরিপকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে সার্ভেয়িং বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) অফিস সহায়ক পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি; এবং<br>(খ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-২ এবং তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৮। | গ্রন্থাগার সহকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জিপিএ ২.৫০ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে ডিপ্লোমা; এবং (গ) তফসিল-২ এবং তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৯। | টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল-২ এবং তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০। | ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার প্রশিক্ষণ সনদপ্রাপ্ত; এবং (গ) তফসিল-২ এবং তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২১। | গাড়ীচালক | - | - | সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |
| ২২। | বার্তাবাহক/অফিস সহায়ক | - | - | মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কমন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ২৩। | নিরাপত্তা প্রহরী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণযোগ্য। | | |
| ২৪। | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮ অনুযায়ী পূরণযোগ্য। | | |

## তফসিল-২

**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯ ও ২০ দ্রষ্টব্য]**

সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, হিসাব রক্ষক, সাঁট লিপিকার কাম পিএ, নকশাকারক, হিসাব সহকারী, উচ্চমান সহকারী, জরিপকারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রন্থাগার সহকারী, টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী এবং ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি:

| ক্রমিক নম্বর | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) | **লিখিত পরীক্ষা** | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| (খ) | **মৌখিক পরীক্ষা** | ১০ | ৫০% | -- |
| | **সর্বমোট** | **১১০** | | |

**ব্যাখ্যা।**—কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য বিবেচনা করা হইবে।

**তফসিল-৩**
**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ১০, ১১ ও ১২ দ্রষ্টব্য]**

সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, হিসাব রক্ষক এবং সাঁট লিপিকার কাম পিএ পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের কম্পিউটার মুদ্রাক্ষর গতি ও সাঁটলিপি গতি পরীক্ষার নম্বর, ইত্যাদি:

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| হিসাব রক্ষক | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁট লিপিকার কাম পিএ | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| | (সাঁটলিপি) | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫ (পাঁচ) শতাংশের অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে;

(৩) বাংলা ও ইংরেজি উভয় অক্ষরে কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে; এবং

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০ (চল্লিশ) শতাংশ হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৪**

**[তফসিল-১ এর ক্রমিক নম্বর ১৫, ১৭, ১৮, ১৯ ও ২০ দ্রষ্টব্য]**

উচ্চমান সহকারী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রন্থাগার সহকারী, টেলিফোন অপারেটর তথা অভ্যর্থনাকারী এবং ডাটা এন্ট্রি অপারেটর কাম টাইপিস্ট পদে সরাসরি নিয়োগ এবং পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীগণের কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষার নম্বর, ইত্যাদি:

| ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|
| ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—(১) বাংলা ও ইংরেজি উভয় অক্ষরে কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ)টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(২) ৫ (পাঁচ) শতাংশের অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে;

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০ (চল্লিশ) শতাংশ হিসাবে গণ্য করা হইবে; এবং

(৪) কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হইবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাজমুল আহসান**
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd